

# এইচএসসি পরীক্ষার প্রশ্নফাঁস হলে কঠিন শাস্তির হুঁশিয়ারি শিক্ষামন্ত্রীর

নিজস্ব প্রতিবেদক

২৫ জুন ২০২৬, ০৪:০১ পিএম



শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন বলেছেন, এইচএসসি পরীক্ষায় কোনো প্রশ্নফাঁস হলে সংশ্লিষ্টদের কঠিন শাস্তির আওতায় আনা হবে।

আজ বৃহস্পতিবার দুপুরে বরিশাল নগরীর শিল্পকলা একাডেমিতে এইচএসসি ও সমমান পরীক্ষা উপলক্ষে বরিশাল অঞ্চলের কেন্দ্র সচিবদের সঙ্গে মতবিনিময় সভায় এ কথা বলেন তিনি।

শিক্ষামন্ত্রী বলেন, নতুন প্রজন্মকে নতুনভাবে গড়ে তোলা হবে। সকল শিক্ষককে প্রশিক্ষণের আওতায় আনা হবে। প্রযুক্তিনির্ভর ক্লাস রুমে ক্লাস সম্পন্ন করবে শিক্ষকরা। শিক্ষাব্যবস্থাকে সুন্দর করার লক্ষ্যে সরকার কাজ করছে।

মন্ত্রী বলেন, ২০০১ সালে পাবলিক পরীক্ষা অ্যান্ড পরিবর্তন করা হয়েছে। বাইরে থেকে যদি কেউ সমস্যার সৃষ্টি করে. তাদের সবার জন্য শাস্তির ব্যবস্থা থাকবে। পুলিশের জন্য বডি অন ক্যামেরা রাখা হবে। এছাড়া খাতা পরিবর্তন, নম্বর বন্টনে অনিয়ম হলে সে ব্যাপারেও আইন প্রণয়ন করা হবে।

এহছানুল হক মিলন বলেন, যেকোনো পরীক্ষা সম্পন্ন হওয়ার দুই মাসের মধ্যে ফলাফল ঘোষণা করা হবে। ২ বছরের কোর্স ২ বছরের মধ্যেই শেষ করতে হবে। বিশ্ববিদ্যালয়গুলোতে কোনো সেশন জট থাকতে পারবে না।

শিক্ষামন্ত্রী

আ ন ম এহছানুল হক মিলন